

Kīrtana Two

প্রভুপাদ ১০৮ শ্রীল তিনকড়ি
গোস্বামী মহারাজের সূচক

**Prabhupāda 108 Śrīla Tinkāḍi Gosvāmī
Mahārāja's Sūcaka**

by

Śrī Hṛdayānanda Dāsa Bābājī Mahārāja

শ্রী শ্রী গুরুগোরাঙ্গবিধুর্জয়তি

(ভজ) শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু নিত্যানন্দ।
হরে কৃষ্ণ হরে রাম শ্রীরাধে গোবিন্দ।।

জয় রে জয় রে জয় কিশোরীকিশোরানন্দ জয়
 প্রাণভরে জয় দাও ভাই
 শ্রীকিশোরীকিশোরানন্দ প্রভুর প্রাণভরে জয় দাও ভাই
 কিশোরীকিশোরানন্দ সেইট
 প্রভু তিনকড়ি নামে খ্যাত, কিশোরীকিশোরানন্দ সেইট
 সেই তিনকড়ি প্রভুর জয় দাও
 আমার আমার আমার গুণের, সেই তিনকড়ি প্রভুর জয় দাও
 নিতাই গৌর প্রেমময়, সেই তিনকড়ি প্রভুর জয় দাও
 যেন মূর্তি ধরে এসেছিলেন
 নিতাই গৌর যুগলভজন জানাইতে, যেন মূর্তি ধরে এসেছিলেন
 নিতাই গৌর কৃপার মূর্তি মানি
 আমার প্রভু তিনকড়ি গোস্বামী, নিতাই গৌর কৃপার মূর্তি মানি

জয় রে জয় রে জয় তিনকড়ি গোস্বামী জয়
 নিতাই গৌর কৃপার মূর্তি।
 নিতাই গৌরাঙ্গ ভজন যুগললীলা স্মরণ
 আচরিয়া দেখায় জীব প্রতি।।

Glory to the Guru-Gaurāṅga Moon!

**(Worship) Śrī Kṛṣṇacaitanya
Prabhu Nityānanda,
Hare Kṛṣṇa, Hare Rāma,
Śrī Rādhe Govinda!**

Glory, glory, glory,
Kīśorīkīśorānanda, glory!

Give a wholehearted “glory,” brother,
to Kīśorīkīśorānanda Master.
Give a wholehearted “glory,” brother.

Kīśorīkīśorānanda is the one
famed by the name of Master Tinkaḍi.
Kīśorīkīśorānanda is the one.

Give glory to that Master Tinkaḍi!
My, my, my most meritorious,
give glory to that Master Tinkaḍi!
Filled with love for Nitāi and Gaura,
give glory to that Master Tinkaḍi!

It’s as though he took a form
to teach the worship of Nitāi and Gaura,
and of the Loving Divine Couple.
It’s as though he took a form.

I think he was an embodiment
of the grace of Nitāi and Gaura,
my Master Tinkaḍi Gosvāmī,
I think he was an embodiment
of the grace of Nitāi and Gaura.

Glory, glory, glory
Tinkaḍi Gosvāmī, glory!
Image of Nitāi and Gaura’s grace.
Worship of Nitāi and Gaurāṅga and
remembering of the Loving Couple’s sports,
he practiced these and showed them to living beings.

নিজে আচরণ করে দেখাইলেন
 আমার তিনকড়ি প্রভু নিজে আচরণ করে দেখাইলেন
 নিতাই গৌরাঙ্গ ভজন নিজে আচরণ করে দেখাইলেন
 অষ্টকালীনলীলা স্মরণ নিজে আচরণ করে দেখাইলেন
 গোপীগণের আনুগত্যে নিজে আচরণ করে দেখাইলেন

কি বলিব গুণ তার শুণে লাগে চমৎকার
 যেন ভক্তিদৈন্যের মূরতি।
 মদুভাষী আনন্দময় ভেদাভেদ নাহি রয়
 সব প্রতি সমান পিরীতি।।

যাকে দেখে আপন কাছে
 মদু হেসে বসায় কাছে যাকে দেখে আপন কাছে
 নিতাই গৌর ভজ উপদেশে যাকে দেখে আপন কাছে

জেলা মেদিনীপুর নাম মনোহরপুর ধন্যগ্রাম
 প্রভু মোর যাঁহা জনমিলা।
 শ্রীহরিমোহন গোস্বামী পিতা সুরধনী দেবী মাতা
 অষ্টম গর্ভে প্রবিষ্ট হইলা।।

অষ্টম গর্ভের অদ্ভুত শক্তি
 অনুভব কর ভাই রে অষ্টম গর্ভের অদ্ভুত শক্তি
 দ্বাপরে এসেছিলেন শ্রীকৃষ্ণ
 এই অষ্টম গর্ভেতে দ্বাপরে এসেছিলেন শ্রীকৃষ্ণ
 পঞ্চম পুরুষার্থ লীলা করতে দ্বাপরে এসেছিলেন শ্রীকৃষ্ণ

Practicing himself, he demonstrated it,
 my Master Tinkaḍi,
 practicing himself, he demonstrated it.
 The worship of Nitāi and Gaurāṅga,
 practicing himself, he demonstrated it.
 The remembering of the eight-period sports
 practicing himself, he demonstrated it.
 In the train of the cowherd girls,
 practicing himself, he demonstrated it.
 What can I say about his merits?
 When one hears of them one is amazed.
 He was like an image of the humility of *bhakti*.
 Soft-spoken and filled with bliss.
 He made no distinctions;
 he showed the same affection to all.
 Whomever he sees nearby him
 smiling gently he seats beside him,
 whomever he sees nearby him.
 He teaches the worship of Nitāi and Gaura
 to whomever he sees nearby him.
 The district named Medinīpura,
 the fortune village, Manoharpur,
 is where my Master was born.
 His father was Śrī Harimohan Gosvāmī;
 his mother was Suradhuni Devī.
 He entered as their eighth child.
 The eighth child has astonishing power.
 Realize this, brother
 The eighth child has astonishing power.
 In the Dvāpara came Śrī Kṛṣṇa.
 As this eighth child in the Dvāpara came Śrī Kṛṣṇa.
 To perform the sport of the fifth goal of humankind
 in the Dvāpara came Śrī Kṛṣṇa.

(আবার) পঞ্চম পুরুষার্থ প্রেম দান করতে
 এলেন আবার গৌর স্বরূপে
 রাধাভাব কান্তি ধরে শ্রীগোবিন্দ, এলেন আবার গৌর স্বরূপে
 এইত হল দুই ঈশ্বরের তত্ত্ব
 অষ্টম গর্ভে আসা তাৎপর্য এইত হল দুই ঈশ্বরের তত্ত্ব
 আবার এলেন দুই ভক্ত স্বরূপে
 এই অষ্টম গর্ভে জনম হয়ে -
 আবার এলেন দুই ভক্ত স্বরূপে
 শ্রীল রামদাস আর তিনকড়ি গোস্বামী -
 আবার এলেন দুই ভক্ত স্বরূপে
 সেই পঞ্চম পুরুষার্থ প্রেম জানাবার তরে -
 আবার এলেন দুই ভক্ত স্বরূপে
 একজন নামকীর্তন দ্বারে, একজন ভজন দ্বারে -
 আবার এলেন দুই ভক্ত স্বরূপে

বড় অপরূপ কথা ভাই রে
 ভগবান শ্রীমুখে বলেছেন:
 আমা হৈতে আমার ভক্তের পূজা বড়।
 বেদে ভাগবতে এই কথা কৈল দৃঢ়।। (চৈচ, ?)

নইলে কে বা জানাবে
 আমার ভজন কৌশল নইলে কে বা জানাবে
 আমার প্রাপ্তির উপায় নইলে কে বা জানাবে

(Again) to give the fifth goal of humankind, divine love.

He came in the form of Gaura;
Śrī Govinda, assuming the feelings and coloring of Rādhā,
in the form of Gaura he came again.

This was the truth about the two lords,
the purpose for coming as the eighth child.
This is the truth about the two lords.

Again he came in the form of two *bhaktas*
taking birth as the eighth child.

Again he came in the form of two *bhaktas*,
Śrīla Rāmadāsa and Tinkaḍi Gosvāmī.

Again he came in the form of two *bhaktas*.
To make known that fifth goal of humankind, divine love,
Again he came in the form of two *bhaktas*.
One by means of *kīrtana* of the holy names,
One by means of private worship,
again he came in the form of two *bhaktas*.

A most amazing thing, o brother.
The Lord himself has said:

Worship of my *bhakta*
is greater than worship of me.
This topic is firmly stated
in the Vedas and *Bhāgavata*.¹

Otherwise, who would have taught me?
My expertise in private worship,
otherwise, who would have taught me?
My means to attainment,
otherwise, who would have taught me?

¹Śrī Kṛṣṇadāsa Kavirāja, *Caitanya-caritāmṛta*, ?

আমি ত আমার কথা বলিতে পারি না
 আমায় ব্যক্ত করে ভক্তজনা -
 আমি ত আমার কথা বলিতে পারি না

তাই এলেন তিনকড়ি নাম ধরে
 কলিজীবে ভজননিষ্ঠা জানাবার তরে -
 তাই এলেন তিনকড়ি নাম ধরে
 একমাত্র সাধ্য নিতাই গৌর জানাইতে -
 তাই এলেন তিনকড়ি নাম ধরে

সর্ব অবতার সার গৌরহরি
 কলিজীবের একমাত্র সাধ্যনিধি সর্ব অবতার সার গৌরহরি
 রাইকানু মিলিত তনু সর্ব অবতার সার গৌরহরি

একমাত্র সাধ্য গৌরচরণ
 জানাইলা তিনকড়ি প্রভু রতন একমাত্র সাধ্য গৌরচরণ
 (মাতন)

অষ্টমগর্ভে প্রকট হইলা
 তেরশত তের সনে মাঘী পূর্ণিমা শুভক্ষণে
 জীবে পূর্ণ কৃপা করিবারে।
 পূর্ণিমা চাঁদের মত হইলেন আবির্ভূত
 (মাতা) সুরধনী কোল আলোকয়ে।।
 (প্রভু) নিত্যানন্দ শাখা বংশধর মা জাহ্নবা পরিবার
 নাম শ্রীগুণনিধি গোস্বামী।
 তাঁর বংশের ধারা (যেন) নিত্যানন্দ প্রেমে গড়া
 (সেই) বংশে জন্ম তিনকড়ি গোস্বামী।।
 বাল্য হইতে প্রেমময় সদাই আনন্দময়
 অনাসক্ত সংসারে উদাসীন।
 করে বিদ্যা অধ্যয়ন সদা যেন অন্যমন
 করে অন্তরে করে অবেষণ।।

But I am not able to talk about me
 The bhaktas have revealed things to me.
 But I am not able to talk about me.

Therefore, he came taking the name Tinkaḍi
 to teach firmness in private worhsip to Kali's living beings.
 Therefore, he came taking the name Tinkaḍi
 to teach the only objects of worship, Nitāi and Gaura.
 Therefore, he came taking the name Tinkaḍi.

The essence of all descents is Gaurahari,
 the treasure of goals for Kali's living beings;
 the essence of all descents is Gaurhari.
 Whose body is Rādhā and Kṛṣṇa joined,
 the essence of all descents is Gaurhari.

The only goal is the feet of Gaura
 Tinkaḍi taught, that jewel of Masters;
 the only goal is the feet of Gaura.

He appeared as the eighth child
 in *sana* thirteen hundred and thirteen (1907 C.E.),
 at an auspicious moment on the fullmoon day of Māgha,
 to bestow his full grace upon livings beings.
 Like the full moon he appeared
 lighting up the lap of (his mother) Suradhuni.

A lineage holder of (Master) Nityānanda's branch
 and a close companion of Mā Jāhnavā
 was Śrī Guṇanidhi Gosvāmī by name.
 The current of his descendents was shaped by love of Nityānanda.
 In that family Tinkaḍi Gosvāmī was born.

From childhood he was full of love and always joyful
 and detached, indifferent to mundane life.
 He cultivated knowledge as if always absent-minded.
 Who was he seaching for within?

পিতা শ্রীহরিমোহন আনন্দের নিমগন
 পুত্র তিনকড়িকে মন্ত্র দিল।
 গৌর কৃষ্ণ মন্ত্র পেয়ে আনন্দে ভরিল হৃদয়
 নামপ্রেমে বিভোর হইল।।

কিছুই ভাল লাগে না রে
 সংসার সুখবিলাস কিছুই ভাল লাগে না রে
 সदा রহে অন্তর্মনা কিছুই ভাল লাগে না রে

পুত্রের এই ভাব দেখি পিতা হলেন মনে দুঃখী
 ভাবে পুত্র সন্ন্যাসী হয়ে যাবে।
 কেমনে রাখিবে তারে তাই মনে বিচার করে
 স্থির কৈলেন বিবাহ দিতে।।

বাল্য হইতে মাতৃহারা পিতার নয়ন তারা
 তাই মনে মনে ভয় করি।
 গৃহী করে রাখিবারে বিবাহ দিলেন তারে
 (পিতা) হরিমোহন আনন্দ করি।।

প্রথম যৌবনকালে বিবাহবন্ধন ছলে
 পিতা তারে সংসারী করিল।
 গৌরপ্রেমের পাগল যে বল তারে বাঁধিবে কে
 লোকাচারে বিবাহ করিল।।

কেবল পিতার সুখের তরে দার পরিগ্রহ করে
 কিন্তু ভজনে নিমগ্ন সদাই।
 নির্জনে সदा বসিয়া কাঁদে যে ব্যাকুল হইয়া
 দয়া কর হা গৌর নিতাই।।

His father Śrī Harimohana was submerged in joy
when he gave his son Tinkaḍi the mantras
Receiving the Gaura and Kṛṣṇa mantras,
his heart was filled with bliss.
He became lost in the love of the holy names.

O. he did not like them at all,
the pleased sports of worldly life.
O, he did not like them at all.
He always remained directed within.
O. he did not like them at all.

Seeing that condition in his son,
his father became sad in his heart.
“By his feelings my son will become a renunciant.
How can I keep him from that?”
That he considered inside his heart.
He decided then to give him in marriage.

From his childhood he was without his mother,
that star of his father’s eyes.
Therefore, in his heart of hearts he feared.
Making him a householder, to keep him
he gave him away in marriage;
so did his father Harimohana happily.

In the first blush of his youth
by the contrivance of the bonds of marriage
his father made him a householder.
But one who is mad in love for Gaura
who will be able to tie him down?
By the ways of the world he was married.

Only for the pleasure of his father did he take wife.
But he was always absorbed in worhsip.
Always sitting apart he wept in distress,
saying, “Oh Gaura and Nitāi! Show me your grace!

(হায়) কুলের দেব প্রভু নিতাই এ অধমে দেখ চাই
 এ সংসার-কূপ তুলিয়া।
 শক্তি সঞ্চারিয়া তোমার গৌর ভজাইয়া
 রাখ যুগলচরণে বাঁধিয়া।।

আমার কুলের দেব নিতাই
 বসুধাজাহ্নবার প্রাণ আমার কুলের দেব নিতাই
 অধমতারণ পতিতপাবন আমার কুলের দেব নিতাই
 এবার আমায় দয়া কর

কেউ নেই প্রভু তোমা বিনে
 এ পতিতে উদারিতে কেউ নেই প্রভু তোমা বিনে

হা প্রভু নিতাই দয়া কর
 মায়াবন্ধন ঘুচাও আমার হা প্রভু নিতাই দয়া কর (মাতন)

এইমতে লোকাচারে (শ্রী) পিতা সুখের তরে
 কিছুদিন সংসারে রহিল।
 শ্রীবৃন্দাবন গোস্বামী নামে এক পুত্র হইল শুভক্ষণে
 (তার) কিছুদিনে পত্নী বিয়োগ হইল।।

পত্নী বিয়োগের পরে এই সুযোগ মনে করে
 তীর্থভ্রমণে বাহির হইল।
 সারা ভারত করে ভ্রমণ কত মহাস্মা করি দরশন
 চার ধাম দর্শন করিল।।

সর্বতীর্থ করি ভ্রমণ তিরপিত নহে মন
 শেষে উপনীত বৃন্দাবনে।
 বৃন্দাবন দরশনে নিত্যলীলা স্মরণে
 প্রেমধারা বহে দু নয়নে।।

“Alas! my family’s deity, Prabhu Nitāi!
 I beg you glance on this low person.
 Raise me from this well of mundane life
 and filling me with your power
 make me worship your Gaura.
 Binding me, keep me at the Divine Couple’s feet.

“O My family’s deity, Nitāi,
 the life breath of Vasudhā and Jāhnavā,
 O my family’s deity, Nitāi.
 Deliverer of the lowly, purifier of the fallen,
 give me your grace just once.

“There is no one else beside you Master
 to save this fallen soul.
 There is no one else beside you Master.

“O Master Nitāi show me your grace.
 Undo these bonds of *māyā*.
 O Master Nitāi show me your grace.”

In this way, in accordance with the ways of the world
 and for the satisfaction of his father
 he remained in family life for a while.
 By the name of Śrī Vṛndāvana Candra
 a son was born at an auspicious time
 and a little while later his wife passed away.

After the passing of his wife, he,
 considering it a good opportunity,
 went out wandering to the holy places.
 While wandering all over Bhārata,
 he met so many great souls
 and saw the four holy abodes.

After visiting all the holy places,
 his mind was still not satisfied.
 Finally, he came to Vṛndāvana.
 When he saw Vṛndāvana
 and remembered the eternal sports,
 streams of love flowed from his eyes.

শ্রীগোবিন্দ গোপীনাথ মদনমোহন সাথ
 সাত দেবালয় দরশন করি।
 রাধাকুণ্ড শ্যামকুণ্ড হেরি দু নয়নে বহে বারি
 পরিত্রমা কৈল গোবর্দ্ধন গিরি।।

নন্দগ্রাম বরষাণে যাবট দ্বাদশ বনে
 ব্রজবন ভ্রমণ করিল।
 ব্রজভ্রমণ করিতে করিতে গোবর্দ্ধন গোবিন্দ কুণ্ডে
 সিদ্ধ মনোহর দাস দর্শন পাইল।।

ব্রজের মহাত্মা হেরি প্রভু মোর তিনকড়ি
 স্থির কৈলেন মনে মনে।
 গুরুরূপে করি বরণ ধরিয়্যা যুগল চরণ
 কাঁদিয়া বলয়ে শ্রীচরণে।।

এ অধমে কৃপা করি ভেঙ্কাশ্রয় দান করি
 সংসারবন্ধন ছিন্ন করেন (?)।।
 শ্রীচরণে সেবা দিয়া নিতাই গৌর ভজাইয়া
 দাস করে রাখ চিরতরে।

তিনকড়ি কথা শুনে সিদ্ধ বাবা বলিলেন।
 শুন মোর কথা স্থির চিত্তে।
 নিত্যানন্দ বংশে জন্ম এ দেহ করহ যত্ন
 (বহু) জীব উদ্ধার হবে তোমা হইতে।

আমার আদেশ ধরে দার পরিত্রহ করে
 ভগবৎ ভজন সংসার গড়িবে।
 যারা গৃহী সংসারী তোমার আদর্শ হেরি
 নিতাই গৌর ভজন করিবে।।

Śrī Govinda, Gopīnātha
 along with Madanamohana,
 he visited the seven temples.
 Seeing Rādhākuṇḍa and Śyāmakūṇḍa,
 tears flowed from his eyes.
 And he circumambulated Giri Govardhana.

Nandagrāma, Barṣāṇa, Yābaṭa,
 and the twelve sacred groves —
 he wandered about all of Vraja's forests.
 Wandering around the land of Vraja,
 at Govindakuṇḍa near Govardhana,
 he had a holy sight of Manohara Dāsa Siddha.

“Show your grace to this lowly one
 and give me shelter as a renunciant.
 Cut to pieces my bonds to material life.
 Give me service at your lotus feet
 and make me worship Nitāi and Gaura.
 Keep me forever as your servant.”

Hearing these words of Tinkaḍi,
 Siddha Bābā said in reply:
 “Listen to my words, steadying your mind.
 You are born in Nityānanda's family;
 take good care of this body.
 From you many living beings will be lifted up.

“Follow my orders and take another wife.
 You should mold your mundane life to the worship of Bha-
 gavān.

Those who are householders, engaged in material life
 seeing your example, will worship Nitāi and Gaura.

কাদা হতে তুলতে গেলে
নিজেকে কাদায় নামিতে হবে কাদা হতে তুলতে গেলে

সব তো দেখাইয়া গেছেন
প্রভু নিতাই প্রাণ গৌর সব তো দেখাইয়া গেছেন
সংসারী জীবনেতে যেমন ভজন সব তো দেখাইয়া গেছেন

তুমি ভগবৎ সংসার গড়ে তোল
ভয় নাই লিপ্ত হবে না তাতে সব তো দেখাইয়া গেছেন

সব আসা পূর্ণ হবে
সংসারে থেকে ভজন কর সব আসা পূর্ণ হবে
কলিজীব উদ্ধার হবে সব আসা পূর্ণ হবে

সিদ্ধাবার আদেশ পেয়ে পুনঃ ফিরে এসে গৃহে
দ্বিতীয় দার গ্রহণ করিলেন।
শ্রীসরস্বতী দেবী নাম পত্নী রূপে করি গ্রহণ
ভগবৎ সংসার কৈলেন গঠন।।

নামমাত্র সংসারশ্রম সদা ভাবে নিমগন
তিন লক্ষ নাম জপ করে।
দীন হীন জন দেখি সদা সক্রমণ আঁখি
কৃষ্ণমন্ত্র জপ উপদেশ করে।
পেয়েছ দুর্লভ জন্ম কেন কাটাও অকারণ
আর কি মনুষ্য জন্ম হবে।।

চৌরশী লক্ষ যোনি ভ্রমণের পরে জানি
এ জন্ম বৃথা না কাটাবে।
অনিত্য নশ্বর দেহ শৃগাল কুক্কুর খাদ্য এহ
মলমূত্র পূঁজ পূর্ণ দেহে।।

“If one wants to pick someone up from the mud
one will have to get down in the mud,
if one wants to pick someone up from the mud.

“You are demonstrating everything,
Prabhu Nitāi and our life-breath, Gaura,
you are demonstrating everything.
The way one should worship in household life
you are showing everything.

Establish a model for *bhagavān*-centered household life
Fear not, you will not be affected by that,
you are demonstrating everything.

All your hopes will be fulfilled;
worship from within household life,
all your hope will be fulfilled.
Living beings of Kali will be lifted up,
all your hopes will be fulfilled.”

Receiving the instructions of Siddha Bābā,
he again returned to his home
and married his second wife.
Śrī Sarasvatī Devī by name,
he accepted her as his wife
and created a *bhagavān*-centered household life.

It was a householder stage only in name:
he was always absorbed in divine emotion.
He chanted three *lakhs* of holy names a day.
Seeing wretched and miserable people
his eyes were always full of compassion.
He taught chanting of the *kṛṣṇa-mantra*.
“You have attained this rare human birth;
why do you pass it without purpose?
Will a human birth occur again?

“After wandering though eight million,
four hundred thousand wombs,
you should not waste this birth.
This body is temporary and destructible,
food for jackals and hounds.
In this body is a mass of urine and feces.

এ অনিত্য দেহদ্বারে নিত্যবস্তু পাবার তরে
 নিতাই গৌর ভজ শ্রীগুরু আশ্রয়ে।
 এই কলিযুগের ধর্ম হরিনাম সংকীর্তন
 যুগাবতার শ্রীগৌরাঙ্গহরি।।

শ্রীগুরু আশ্রয় করে নাম কর প্রাণ ভরি
 নিশ্বাসেতে বিশ্বাস না করি।
 স্ত্রীপুত্র পরিবার বল আমার আমার
 শেষ দিনে বাঁধিয়া পোড়াবে।
 এ সংসারের অনিত্যতা দেখে যেন বুঝ না তো
 দিন রাতে ভজ ভাই সবে।।

এই মত উপদেশ দানে কত দীনহীন জনে
 শ্রীচরণে আশ্রয় দান দিল।
 গৌরকৃষ্ণ মন্ত্র দানে মাতাইল নাম প্রেমে
 শত শত আশ্রয় লইল।।

সংসারেতে অনাসক্ত তীব্রবৈরাগ্যব্রত
 গৃহ ছাড়ি পুন সে চলিলা।
 বহুতীর্থভ্রমণ করি ক্রমে এল নীলাচলপুরী
 শ্রীজগন্নাথ দরশন কৈলা।।

আসি ঝাঁজপীটা মঠে রহিলেন অনুরাগে
 (শ্রী) রামদাস বাবাজী সঙ্গ তরে।
 দুই জনা দোঁহারে হেরি দু নয়নে বহে বারি
 দোঁহে ভাসে আনন্দ অন্তরে।।

“To obtain the eternal substance
by means of this impermanent body
worship Nitāi and Gaura
under a blessed guru’s guidance.

“The religious norm for the Age of Kali
is *saṅkīrtana* of the names most holy
and the age’s descent is Śrī Gaurāṅga Hari.

“Finding shelter with a blessed guru
recite the names filling your breath;
don’t rely on breathing.

“Wife, sons, and family,
whom you call *yours* again and again,
on the last day will bind you and have you burned.

“This material life is impermanent;
though you see it, you seem not to believe it.
All of you, brothers, worship day and night.”

By giving this kind of instruction
how many folks, wretched and poor,
did he give shelter to at his feet?

By giving the Gaura and Kṛṣṇa *mantras*
he intoxicated them with love of the holy names.
Hundreds and hundreds took shelter with him.

Not attached to household life
and dedicated to intense renunciation,
he left home again and went traveling.

Visiting many holy places,
eventually he arrived in Nīlācala
and had a holy sight of Śrī Jagannātha.

He came to Jhāñjapīṭhā Maṭha
and stayed there with great enthusiasm
to associate with Bābājī Śrī Rāmadāsa.

When the two men saw each other,
tears of joy flowed from their eyes
and bliss flooded their two hearts.

শ্রীরামদাস বাবাজী সঙ্গে গৌরলীলা কীর্তন রঙ্গে
 ঝালি অর্পণ কীর্তন শুনিলা।
 রথাগ্রে গৌরাসলীলা শুনিয়া ব্যাকুল হিয়া
 কিছু দিন তথা বাস কৈলা।।

গৌরগুণ সঙরিয়ে গৌরহরি দেখবে বলে
 নীলাচল হইতে চলিলা।
 হা নিতাই গৌর বলে কাঁদিয়া কাঁদিয়া চলে
 নবদ্বীপধামে প্রবেশিলা।।

সেই নবদ্বীপ ধামে ফলাহারী বাবা নামে
 শ্রী গৌর গোপীদাস বাবাজী রহে তাতে।
 (বিগ্রহ) নিমাইচাঁদ সেবা দরশনে মনোলোভা
 সেবা সমর্পণ কৈলা হাতে।

উপযুক্ত পাত্র দেখে
 নিমাইচাঁদ সেবা সমর্পিল উপযুক্ত পাত্র দেখে

সেই সেবা ভার লয়ে অতি আনন্দ হৃদয়ে।
 শ্রী তিনকড়ি গোসাঞি আমার।
 প্রাচীন রাধাবল্লভ সেবা এক গোস্বামী হইতে পাই তাহা
 সেই আশ্রমে স্থাপন কৈল তার।।

যত সেবা অচল দেখে মেগে লয় মন দুঃখে
 পরিপাটী সেবা করয় তার।
 এই মত কত সেবা উদ্ধার করিল যে বা
 একে একে শুন পরিচয়।।

In Śrī Rāma Dāsa Bābājī's company,
 while enjoying musical praise of Gaura's sports,
 he heard the song of the swing festival offering.
 And hearing of Gaurāṅga's deeds before the chariot
 most perturbed became his heart.
 And there he stayed a few days more.

Remembering Gaura's many merits
 and saying he will see Gaurahari,
 he departed from Nīlācala.
 Saying, "O, Nitāi! O, Gaura!"
 he wept and wept as he traveled
 and at last arrived in Navadvīpa.

In that holy town of Navadvīpa,
 lived Śrī Gauragopī Dāsa Bābā
 known also as Phalāhārī Bābā.²
 He served Nimāicānda;³
 his heart's desire was to see [the holy land].
 He handed his service into Tinkaḍi Gosvāmī's hands.

Finding such a suitable recipient
 he offered him Nimāicānda's service,
 finding such a suitable recipient.

He took responsibility for that service
 with a most gladdened heart
 my Tinkaḍi Gosvāmī.
 The service of old Rādhāvallabha images
 he received from a Gosvāmī there
 and established them in his āśrama.

All the services he saw that were not current
 he asked for with a saddened heart.
 His service he performed with skill.
 In this way he saved so many services.
 Hear an introduction to them one by one.

²i.e., Carpophagous (fruit-eating) Bābā.

³The name of his sacred image of Śrī Caitanya.

বৃন্দাবনে তপোবনে গুঞ্জনবিহারী নামে
সুচারু সেবা করাইলা।
অক্ষয়বটে রামসীতা দেবী অটল যুগল তার
(বৃন্দাবনে) মুরারিমোহনে সেবা লইলা।।

গোবর্ধন শ্যামসুন্দর রাধাকুণ্ডে গিরিধর
রাধাবল্লভ মনোহরপুরে।
স্থানে স্থানে সেবা লইল সুচারু সেবা করাইল
সেবা দেখে আনন্দ অন্তরে।।

নীলাচল ধাম যাইয়া টোটাগোপীনাথে চাহিয়া
প্রেমাবেশে বিভোর হইল।
গদাধর সেবিত গৌরহরি প্রতিষ্ঠিত
যাঁর অঙ্গে গৌর প্রবেশিল।।

সেই টোটা গোপীনাথে রহিলেন সে টোটাতে
চটের বসন পরিয়া।
তালপাতার কুটির করি রহিলেন মৌন ধরি
নাম জপে কাঁদিয়া কাঁদিয়া।।

গৌর-গোপীনাথের লীলা- ভোগেতে হল বিভোলা
দিনরাত ভেদ জ্ঞান গেল।
আশ্রিতগণ তাহা হেরি সবার নয়নে বারি
গুরু-গৌর প্রেমেতে মাতিল।।

সেই গোপীনাথের সেবা নানাবিঘ্ন দেখি তাহা
সেবাভার গ্রহণ করিল।
গোস্বামীদের বুঝাইয়া সেবা পরিপাটী কৈল
আনন্দেতে হৃদয় ভরিল।।

In Tapovana in Vṛndāvana
 for an image named Guñjanavihārī
 he created a service most pleasing.
 In Akṣayabaṭa is Rāmasītā Devī,
 unshakable Divine Loving Couple of his.
 (In Vṛndāvana) he took on
 the service of Murārimohan.

In Govardhana is Śyāmasundara,
 in Rādhākunḍa is Giridhara,
 and Rādhāvallabha is in Manoharpur.
 In various places he took on service
 and set it up most pleasingly.
 Seeing that service, joy fills one's heart.

Going to Nīlācala, he gazed at Ṭoṭāgopīnātha
 and became lost in a trance of love.
 Served by Gadādhara and established by Gaurahari,
 into Ṭoṭāgopīnātha's body Gaura entered.

With Ṭoṭāgopīnātha he stayed in that garden,
 wearing burlap as his cloth.
 Building a cottage of palm leaves,
 he stayed there observing silence
 and weeping as he chanted the holy names.

Enjoying the sports of Gaura and Gopīnātha,
 he was lost in trance, not distinguishing day or night.
 His disciples watching that, everyone filling up their eyes,
 became maddened by love of Śrī Guru and Gaura.

Seeing many obstacles in the service of Gopīnātha
 he accepted the responsibility of that service.
 Making the Gosvāmīs understand,
 he created order in the service
 and his heart was filled with joy.

যে যে স্থানে ভজন কৈল মহাতির্থ স্থান হৈল
 অদ্যাবধি স্থান বিদ্যমান।
 রাধাকুণ্ড শ্যাম সরোবর বর্ষাণা পাবনসরোবর
 গোবর্ধন আর কোকিলাবন।
 রতনকুণ্ড চন্দোরী বড় বৈঠান রাসস্থলী
 পাণ্ডুরগন সেরগড় স্থান।।

দুর্ভাসাকুণ্ড পাণ্ডুরবন হরিয়াল চামেলিবন
 বিলাসগড় আর নন্দগ্রাম।
 পরমাদ্বয় ব্রহ্মাণ্ডঘাটে আদিবদী শ্যামঘাটে
 বিলাসকুণ্ড উনানী পেষাই গ্রাম।।

কদম্বখাটী আদি স্থান বৃন্দাবন ভজনস্থান
 (আর) নবদ্বীপ ভজনস্থান।
 মণিপুর ঘাটস্থিত রাধবল্লভ আশ্রম বিরাজিত
 গঙ্গাতীরে প্রাচীন মায়াপুর স্থান।।

এই সব স্থানে ঘুরি সাধনভজন করি
 কলিজীবে শিক্ষা কৈল দান।
 সাধন ভজন বিনা সাধ্যবস্তু তো মিলে না
 আচরণ করি শিক্ষা দিল।
 তীব্র বৈরাগ্য করি অষ্টকাল লীলা স্মরি
 ভাব-প্রেমে বিভোর হইল।
 শত শত জীবগণে বিকাইল শ্রীচরণে
 স্নেহভালবাসার মুগ্ধ হইয়া।
 সবা প্রতি সমভাব নাহি ভেদাভেদ ভাব
 নাম দিল করুণা করিয়া।

Those places in which he did private worship
 have now become great holy places
 and even today those places exist.
 Rādhākuṇḍa, Śyāmasarovara,
 Barṣāṇa, Pābanasarovara,
 Govardhana and Kokilavana, Ratnakuṇḍa
 Candorī, Baḍa Baithāna, Rāsathalī,
 the place called Pāṇḍava Seragaṛa,
 Durvāsākuṇḍa, Pāṇḍavavana,
 Hariyāla, Cāmelivana, Vilāsagaṛa,
 Paramādvaya, Brahmāṇḍaghāṭa,
 Ādibadrī, Śyāmaghāṭa,
 Vilāsakuṇḍa, Unānī, Peṣāi Grāma,
 Kadambakhāṭī and so forth
 are places where he did private worship in Vṛndāvana.
 His private worship places in Navadvīpa are
 the Rādhāvallabha *āśrama*
 situated at Maṇipura Ghāṭa
 and on the bank of the Gaṅgā, Old Māyāpura.
 In all these places he performed private worship
 and gave instruction to Kali's living beings.
 "Without practice and private worship
 the objective cannot be reached," [he said.]
 Performing it himself, he gave instruction.
 Practicing intense renunciation
 and remembering the sports of the eight periods,
 he become lost in divine love and deep emotion.
 Hundreds and hundreds of living beings
 he accepted at his blessed feet,
 engrossed in affection and love for them.
 Towards all he was equally disposed;
 he had no discriminatory feelings.
 He bestowed the holy names with compassion.

কিবা ধনী কিবা কাঙ্গাল সবারে করিয়া কোল
 (বলে) ভাই পেয়েছ মানব জনম।
 চৌরাশী লক্ষ যোনি ভ্রমণ করিয়া তুমি
 পাইয়াছো ভজ শ্রীকৃষ্ণচরণ।
 জীব নিত্য কৃষ্ণ দাস তাঁহার চরণে আশ
 তাহা বিনা বিগলে জনম।।

এবার না ভজ তবে পুনঃ চৌরাশী যে ভ্রমিবে
 পশুপক্ষী কীট হীন জনম।।

ভজ ভজ ওহে ভাই প্রাণের গৌর নিতাই
 পতিতপাবন দয়াময়।
 ব্রজের কৃষ্ণ বলাই নদীয়াতে গৌর নিতাই
 মার খেয়ে নাম প্রেম বিলায।
 শ্রী গুরু চরণে রতি সেই সে উত্তমা গতি
 শ্রী গুরু পদাশ্রিত হইয়া।
 আশ্রয় লইয়া ভজে তারে কৃষ্ণ নাই ত্যজে
 ভবসিন্ধু যায় সে তরিয়া।।

এইমত উপদেশ কত কলিহত জীবে
 প্রেমধনে ধনী করাইল।
 সাতান্তর বৎসর ধরে ভারত ভ্রমণ করে
 আনন্দেতে মাটি মাতাইল।।

Whether rich or whether destitute,
 he embraced one and all, saying:
 “Brother, you have attained a human birth.
 You gained it after wandering through
 eighty-four hundred thousand wombs
 Now, worship Śrī Kṛṣṇa’s feet.
 The living being is Kṛṣṇa’s eternal servant.
 All it wants is at his feet. Without that this birth is wasted.
 “If this time you do not worship,
 you will wander the eight-four again,
 in lesser births like animals, birds and bugs.
 “Worship, worship, O brother mine,
 your life-breath’s Gaura and Nitāi,
 uplifters of the fallen, most compassionate.
 Vraja’s Kṛṣṇa and Balāi
 are in Nadīyā Gaura and Nitāi.
 Even when struck⁴ they spread holy name and love.
 Attachment to the blessed guru’s lotus feet
 is the ultimate goal, for one who is sheltered there.
 One who seeks that shelter and worships,
 Śrī Kṛṣṇa does not reject. Such a one
 crosses over the ocean of becoming.”
 With the kind of instruction above
 how many Kali-troubled living beings
 did he enrich with the treasure of love?
 For seventy-eight years he roamed Bhārata
 and made the earth drunk with joy.

⁴Nitāi was attacked and struck by the two brothers, Jagāi and Mādhāi.

আরো অপরূপ কথা দুই মহাপুরুষের এক কথা
 সাতাত্তর বর্ষ ধরাধামে।
 নামপ্রেম দান কৈল কলিজীবে উদ্ধারিল
 বাবাজী রামদাস তিনকড়ি দুজনে।।

শেষে নীলাচলে যাইয়া হরিদাস মঠে রইলা
 ভক্তবাৎসল্য লীলা সঙরিয়া।
 হরিদাস ঠাকুরের প্রতিজ্ঞা কাজীর শাসন কথা
 (যদি) খণ্ড খণ্ড প্রাণ যায় চলিয়া।।

এইসব লীলাকথা হৃদয়ে বাড়য়ে ব্যথা
 গৌর গৌর বলে বুক ভাসে।
 মনে মনে আর্তি বাড়ে গৌরলীলা মনে পড়
 প্রার্থনা করয়ে অভিলাষে।।

হা গৌর প্রভু নিতাই করুণা করহ এই
 আর দূরে না রাখিবে ফেলে।
 কত যে করুণা কৈলা কত মত নাচাইলে
 এ বার চরণ নিকটে লেহ তুলি।।

এই মত বিরহ বাড়িল নীলাচল হৈতে চলিল
 নবদ্বীপধামে উপনীত।
 মণিপুর ঘাট স্থিত রাধাবল্লভ বিরাজিত
 নিজশ্রমে করিলেন স্থিতি।।

There is another amazing part of this saga:
 the same story for two great saints.
 Seventy-eight years in this earthly abode,
 they gave love for the holy name
 and uplifted the living beings of Kali,
 Bābājī Rāmadāsa and Tinkaḍi.

In the final days he went to Nīlācala
 and stayed at the Haridāsa Maṭha,
 recalling those sports of affection to *bhaktas*.
 The pledge of Haridāsa Ṭhākura,
 the story of the Kazi's punishment;⁵
 in case his life, broken into pieces, departs.

All of those stories of divine sports
 increased the pain in his heart.
 Saying, "Gaura, Gaura," his chest he drenched with tears.
 In his heart of hearts his distress increased;
 Gaura's deeds came to his mind
 and he prayed with intense desire:

"O Gaura, O Prabhu Nitāi, show this one your grace.
 Don't cast me far away any more.
 How much compassion you have shown me
 and how many the ways you've made me dance!
 Now lift me up close to your feet."

This kind of torment of separation increased
 and from Nīlācala he departed.
 To Navadvīpa he was taken.
 There at Maṇipura Ghāṭa,
 where Rādhāvallabha shines bright,
 in his own *āśrama* he stayed.

⁵This refers to the punishment given to Haridāsa Ṭhākura by a Muslim ruler for taking up Vaiṣṇava practices.

সদা বিরহে গরগর মুখে নিতাই গৌরকিশোর
 রাধবল্লভ বদন হেরিয়া।
 আর ধৈর্য্য নাহি ধরে নিতালীলায় যাবার তরে
 রহিলেন মৌন হইয়া।।

তেরশত নব্বুই সনে বারোই ফাল্গুন শনি দিনে
 প্রভাতে যাহার আকর্ষণে।
 শ্রীবাস অঙ্গন হইতে শ্রীজীব গোস্বামী নামেতে
 উপনীত প্রভুর দরশনে।।

তেঁহ তিনকড়ি প্রভুরে মনে গুরু বুদ্ধি করে
 তে কারণে নিকট আসিল।
 দেখেন অস্তিম কাল ব্যাকুল হইল প্রাণে
 অর্পিতে অঙ্গ স্পর্শ কইল।।

প্রভু আমার তিনকড়ি শ্রীজীব গোস্বামী হেরি
 মনে বড় আনন্দ হইল।
 যেন প্রাণের নিতাই আমার যাইবার লাগে তার
 প্রিয়জনে পাঠাইয়া দিল।।

নিত্য লীলাস্থলী শ্রীবাস অঙ্গন সদা রাস সংস্কীর্তন
 প্রাণ গৌর নিত্যানন্দ লইয়া।
 কৈলেন রাস সংস্কীর্তন সঙ্গে সব প্রিয়জন
 ব্রজভাবে বিভোর হইয়া।।]

He was always overwhelmed in separation;
 on his lips was “Nitāi, Gaurakiśora,”
 gazing on Rādhāvallabha’s face.
 He no longer could maintain patience
 to enter into that eternal sport;
 he kept himself in silence.

In the year thirteen hundred and ninety,
 the twelfth of Phālguna, Saturday,⁶
 being drawn by him in the morning,
 from Śrīvāsa Aṅgana Śrījīva Gosvāmī
 came to visit the Master Tinkaḍi.

Master Tinkaḍi he thought of as his *guru*
 and for that reason he came to him.
 Seeing that the end was near
 his life-breath became agitated.
 In distress he touched Tinkaḍi’s body.

My Master Tinkaḍi,
 seeing Śrījīva Gosvāmī,
 felt great joy in his heart:
 “It was as if my life-breath Nitāi
 to start me on my way to him
 has sent me one of his own dear friends.”

Śrīvāsa Aṅgana is an eternal place of sport.
 There is always singing about the Circle Dance (Rāsa)
 along with our life-breaths, Gaura and Nityānanda.
 There, all of their dear friends together
 perform congregational singing about the Circle Dance
 becoming lost in the feelings of Vraja.

⁶The English year was 1984. Phālguna is the eleventh Indic month lasting from about the middle of February to the middle of March.

(ব্রজের) নিভৃত কুঞ্জের নিভৃত কুঞ্জ নবদ্বীপ রূপে ব্যক্ত
 যোগপীঠ শ্রীবাস অঙ্গন।
 বৃন্দাবন রাস কেলী নদীয়ায় কীর্তন কেলী
 নন্দ নন্দন শচীর নন্দন।।

কিছু ভিন্ন ভেদ নাই
 তারাই এরা, এরাই তারা কিছু ভিন্ন ভেদ নাই।।

নন্দনন্দন শচীনন্দন
 পারিষদ গোপীগণ নন্দনন্দন শচীনন্দন।।

বৃন্দাবনে রাস কেলী
 নদীয়ায় সংকীর্তন কেলী বৃন্দাবনে রাস কেলী।।

বৃন্দাবনে বংশীধ্বনি
 নদীয়ায় সে নামের ধ্বনি বৃন্দাবন বংশীধ্বনি।।

তাই আনন্দ আর ধরে না
 আমার প্রভু গুণমণির তাই আনন্দ আর ধরে না
 আমায় নিতে এসেছে বলে তাই আনন্দ আর ধরে না।।

জীব গোসাক্ষির পানে প্রভু দেখেন নয়নে
 ধারা বয়ে যায় দু নয়নে।
 শ্রীজীব গোসাক্ষি দেখি ব্যাকুল হইল অতি
 নামসুধায় চাহি মুখ পানে।।

The hidden bower of the hidden bowers (of Vraja)
is manifest in the form of Navadvīpa.

Its sacred center is Śrīvāsa Aṅgana.

The sport of the Circle Dance of Vṛndavana
is in Nadiyā the sport of sacred singing (*kīrtana*).

The Son of Nanda is the Son of Śacī.

There is not the slightest difference;
they are these and these are they.

There is not the slightest difference.

The Son of Nanda is the Son of Śacī;
their companions are the cowherd girls.

The Son of Nanda is the Son of Śacī.

In Vṛndāvana is the sport of the Circle Dance.

In Nadiyā is the sport of congregational singing.

In Vṛndāvana is the sport of the Circle Dance.

The sound of the flute in Vṛndāvana
is in Nadiyā the sound of the holy name,
the sound of the flute in Vṛndāvana.

Therefore, he could no longer control his joy,
my master a jewel of merit;
he could no longer control his joy.
Saying “he has come to take me,”
he could no longer control his joy.

On Śrījīva Gosvāmī Master gazed,
streams of tears flowed from his eyes.

Śrījīva Gosvāmī seeing that
became extremely distressed,
gazing upon his face with the nectar of holy name.

আশ্রিতজনে নাম করে ভসিয়া নয়ন জলে
 সেই নাম শ্রবণ করিয়া।
 জয় নিত্যানন্দ রাম তিন বার করি উচ্চারণ
 চলিলেন জগৎ ত্যজিয়া।।

নামের সহিত গেল রে
 জয় নিত্যানন্দ রাম বলে নামের সহিত গেল রে (মাতন)
 অনুভব কর ভাই রে
 আমার প্রভুর প্রাপ্তি রহস্য অনুভব কর ভাই রে
 সারা জীবন কৈলেন স্মরণ
 শ্রীগৌর যুগল চরণ সারা জীবন কৈলেন স্মরণ
 জয় নিত্যানন্দ রাম বলে ছড়িল জীবন
 বড় অপরূপ কথা ভাই রে
 আশ্রয় বিষয় তত্ত্বময় বড় অপরূপ কথা ভাই রে
 বলেছেন ঠাকুর নরোত্তম
 রাধাকৃষ্ণ পাইতে নাই
 নিতাই কৃপা বিনে ভাই রাধাকৃষ্ণ পাইতে নাই
 রাধাকৃষ্ণ মিলিত তনু
 সে যে রাসবিলাসের পরিণতি
 আমার গৌরাঙ্গ মূর্তি সে যে রাসবিলাসের পরিণতি
 সে মূর্তি পেতে গেলে
 নিতাই আশ্রয় নিতে হবে সে মূর্তি পেতে গেলে

A disciple began to chant the holy names.
While his eyes were aflood with tears
and the holy names rang in his ears,
he proclaimed out loud three times:
“Victory to Nityānanda Rāma!”
and leaving aside the world, he went on.

O, with the holy names he went
Victory to Nityānanda Rāma!
O with the holy names he went.

Realize it, O brother!
The secret of my Master’s attainment.
Realize it, O brother!

All of his life he practiced remembering
Śrī Gaura and the Divine Couple.
All of his life he practiced remembering.
Saying, “Victory to Nityānanda Rāma,” he left life.

This is a most amazing story, O brother!
the subject and object are full of truth.
This is a most amazing story, O brother!

Said our Ṭhākura Narottama:
“One cannot reach Rādhā and Kṛṣṇa
without the grace of Nityānanda.
One cannot reach Rādhā and Kṛṣṇa.”

The combined body of Rādhā and Kṛṣṇa,
the ultimate stage of the Circle Dance,
is our Gaurāṅga’s holy image,
the ultimate stage of the Circle Dance.

If one wants to reach that image,
one has seek shelter with Nitāi,
If one wants to reach that image.

ব্রজে রাধিকা আশ্রয় কৃষ্ণ বিষয়
 মধুর শ্রী নবদ্বীপে
 নিতাই আশ্রয় গৌর বিষয় মধুর শ্রী নবদ্বীপে
 তাই নিতাই বলে ছড়িল পরাণ
 পাইবার লাগি গৌর যুগল চরণ, তাই নিতাই বলে ছড়িল পরাণ
 শ্রীগৌরহরি শ্রীমুখবাক্য
 শ্রীমুখে বলেছেন গৌরহরি
 পানিহাটির রাঘবের কাছে শ্রীমুখে বলেছেন গৌরহরি
 শুন শুন ওহে রাঘব তোমায় গোপ্য কই।
 আমার দ্বিতীয় নাই নিত্যানন্দ বই।।
 তিলার্দ্ধ নিত্যানন্দে দ্বেষ যার রহে।
 সে জন ভজিলেও কভু আমার প্রিয় নহে।।

গান ১

আজ তোমা শারাইয়া বিদরিয়া যায় হিয়া
 আর কিগো পাবো দরশন।
 তোমার সেই ভাল বাসা সমরিলে সেই কথা
 প্রাণমন করে আনচান।।
 তোমার আশ্রিত গণে ব্যাকুলিত হয় প্রাণে
 একবার দেখিবার তরে।
 একবার দেখা দিয়া দাও প্রাণ জুড়াইয়া
 আশীর্বাদ কর কৃপা করে।।

In Vraja Rādhikā is love's container;
Kṛṣṇa is the object of her love.

In honeyed Śrī Navadvīpa
Nītāi is container; Gaura's the object,
in honeyed Śrī Navadvīpa.

Saying "Nītāi" he departed from life
to attain the two lotus feet of Gaura,
saying "Nītāi" he departed from life.

Words from the blessed lips of Śrī Gaurahari,
With his blessed lips said Gaurahari
to Rāghava of Pāṇihāṭi
with his blessed lips said Gaurahari:

"Hear me, O Rāghava, hear!
To you I speak a secret truth.
I have no second but for Nītāi.
One with even an iota
of hatred for Nityānanda,
though that person may worship me,
can never become someone dear."

Song One

Today you have departed
leaving me broken-hearted.
Will I ever see you again?

The love that you had for me
when it comes to my memory
makes my heart-mind nostalgic.

Those whom you have protected
are in our vital cores anxious
to have your vision one more time.

Give us one more glimpse of you
and ease our troubled life-breaths.
Show us your grace and give us your blessing.

মায়া বন্দন ঘুচাইয়া নিতাই গৌর ভজাইয়া
 শ্রী নামে নিষ্ঠা রুচি দান কর।
 এ জন্ম বিফলে গেল গুরু গৌর সেবা না হইল
 এই নিবেদন যে আমার।।
 আমার অন্তিম কালে জয় গুরু শ্রী গুরু বলে
 যেন আমার প্রাণ বাহিরয়।
 যদি জন্ম হয় পুনঃ শ্রী গুরু সঙ্গ পাই যেন
 তবে ধন্য এ দীন হৃদয়।।

গান ২

জয় জয় তিনকড়ি গোস্বামী দয়াময়।
 হেন প্রভু কোথা গেলে হইয়া নির্দয়।।
 হেন প্রভু কোথা গেলে না দেখিয়ে আর।
 কি হবে মোদের, দশা করহ বিচার।।
 কার মুখে নিতাই গৌর কথা বা শুনিব।
 শ্রী ব্রজধামে নীলাচলে কার সঙ্গে যাবো।।
 শ্রীনবদ্বীপে কার সঙ্গে বাস বা করিব।
 শ্রীগুরু গৌর তত্ত্ব কথা কোথা বা শুনিব।।
 সবে যদি চলে গেলে আঁধার করিয়া।
 মোদের কি দশা হবে দেখ বিচারিয়া।।
 কাল কলির পীড়নে পীড়িত সদাই।
 জুড়াইবার স্থান নাই কারে বা জানাই।।
 এই বার দয়া কর করুণা করিয়া।
 অপরাধি বলে যেন না দেহ ফেলিয়া।।

Unravel our bondage to *māyā*,
 make us worship Nitāi and Gaura,
 give us firmness and taste for the holy names.

This birth has passed without result.
 I've not served Guru and Gaura.
 Here is my desperate and humble plea:

In the final moment of my life,
 saying, "Glory Guru, Blessed Guru,"
 let my vital breath exit and depart.

If I must take another birth,
 let me have my Guru's company.
 Then this poor heart will be happy.

Song Two

Glory, glory! Compassionate Tinkaḍi Gosvāmī.
 Where has such a great Master
 gone, becoming merciless?
 Where has such a great Master
 gone, not showing himself any more?
 What will be our condition now?
 Please give this some consideration.
 From whose lips will we hear now
 those stories about Nitāi and Gaura?
 In Śrī Vraja and Nīlācala,
 whose association will we seek out?
 In the dear company of whom
 will we stay at Navadvīpa?
 From whom will we now hear truths
 about Śrī Guru and Gaura?
 If everyone has gone, creating gloom,
 consider what our state will be.
 Always pained by the torments of Kali
 with no place for relief nor anyone to inform.
 This time compassionately show us grace
 and don't cast us away as offenders.

এ জন্ম বিফলে গেল রিপূর সেবায়।
নিরন্তর জ্বলে হিয়া না দেখি উপায়।।
সবে মিলে কর দয়া গৌর ভক্ত গণে।
প্রাণে যেন যায় গুরুদত্ত নাম গানে।।
এ বার মরিয়া যেন পাই গুরু ধনে।
তবে এ হৃদয় আপনাকে ধন্য মানে।।

সমাপ্ত

শ্রী হৃদয়ানন্দ দাস বাবাজী মহারাজ

This birth has passed without fruit
in the service of the enemies.
Our hearts are burning without rest
and no means of escape do we see.
All together shower your grace
on the *bhaktas* of Śrī Gaura,
so that our lives are spent singing
holy names given by our gurus,
and so that this time we will attain
our guru's fortune after we pass away.
Then this heart⁷ will think itself fortunate.

The End

Śrī Hṛdayānanda Dāsa Bābājī Mahārāja

⁷Pun on the author's name: Hṛdayānanda or Hṛdaya for short. "Hṛdaya" means "heart."